গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

পরিচালক (মাধ্যমিক) এর দপ্তর
ডায়েরী নং.............. তারিখ ................

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩২.১৮.২৮০

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

বিষয়: **১৫ আগস্ট জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত ২৭টি গ্রন্থ ক্রয় ও শিক্ষার্থীদের মাঝে বিতরণ সংক্রান্ত।**

সূত্র: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ডিও পত্র নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০৭.২০১৪.২০৫, তারিখ: ২৩ জুলাই ২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে প্রাপ্ত উপ-আনুষ্ঠানিক পত্রটি এ সাথে প্রেরণ করা হলো। পত্রের মর্মানুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত ২৭টি গ্রন্থ ক্রয় ও শিক্ষার্থীদের পাঠের সুযোগ সৃষ্টি এবং জাতীয় দিবসসমূহে ও রাষ্ট্রীয় অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থীদের এসব গ্রন্থ উপহার হিসেবে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে।

৪-৮-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব
ফোন: ৯৫৭৭০৯৭
ইমেইল: sas_s4@moedu.gov.bd

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৬৫.১৬.০৩২.১৮.২৮০/১(২)

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সিনিয়র সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৪-৮-২০১৯
মোঃ রাহেদ হোসেন
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
**www.dshe.gov.bd**

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৯৯.০০২.১৫-১৩০৭ তারিখ: ২১ শ্রাবণ ১৪২৬ / ০৫ আগস্ট ২০১৯

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক (সেসিপ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,---------------- অঞ্চল----------------------।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,..............................অঞ্চল.......................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৪। জেলা শিক্ষা অফিসার,.........................................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৫। প্রধান শিক্ষক,..................................................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৬। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার.......................................................।
(পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)
০৭। সংরক্ষণ নথি।

(মো. আমিনুল ইসলাম টুকু)
সহকারী পরিচালক (মাধ্যমিক-১)
☎৯৫৬১২৫৪।
e-mail: addshesecondary1@gmail.com

সচিব
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

ডিও পত্র নং-৩২.০০.০০০০.০৪১.২২.০০৭.২০১৪-২০৫

তারিখঃ ৮ শ্রাবণ ১৪২৬
২৩ জুলাই ২০১৯

শ্রদ্ধেয় মহোদয়,

আপনি অবগত আছেন যে, ১৫ আগষ্ট জাতীয় শোক দিবস। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রতিবছরের ন্যায় এবছরও দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জাতীয় শোক দিবসে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বঙ্গবন্ধুর জীবন ও আদর্শের উপর আলোচনা সভা, সেমিনার এবং চিত্রাংকন, কবিতা আবৃতি, রচনা ও ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণের উপর প্রতিযোগিতা অনুষ্ঠানের আয়োজন করা হয়। তাছাড়া বঙ্গবন্ধুর জীবন ও কর্মের উপর শিশুতোষ গ্রন্থ প্রকাশ করা হয়। এ যাবত বাংলাদেশ শিশু একাডেমি বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৭টি শিশুতোষ গ্রন্থ প্রকাশ করেছে (তালিকা সংযুক্ত)। এসব গ্রন্থ পাঠে শিশুরা সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস সম্পর্কে জ্ঞান অর্জন করতে পারছে।

২। বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত বর্ণিত ২৭টি শিশুতোষ গ্রন্থ যদি আপনার বিভাগের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়ের সংগ্রহে থাকে তাহলে বর্তমান প্রজন্মের সকল শিশু-কিশোর জাতির পিতার জীবনাদর্শ এবং মুক্তিযুদ্ধ সম্পর্কে সঠিক জ্ঞান লাভ করতে পারবে। তাছাড়া এসব গ্রন্থ বিভিন্ন রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের উপহার হিসেবেও প্রদান করা যায়।

৩। এমতাবস্থায়, আপনার বিভাগের অধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক প্রকাশিত ২৭টি গ্রন্থ ক্রয় ও শিক্ষার্থীদের পাঠের সুযোগ সৃষ্টি এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান ও কৃতি শিক্ষার্থীদের এসব গ্রন্থ উপহার হিসেবে প্রদানের বিষয়ে সংশ্লিষ্টদের উৎসাহ প্রদানে আপনার ব্যক্তিগত উদ্যোগ কামনা করছি।

শুভেচ্ছান্তে,

কামরুন নাহার
সচিব

জনাব মো: সোহরাব হোসাইন
সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সিনিয়র সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান শিশু-গ্রন্থমালা কর্মসূচির বই

| ক্র.নং | বইয়ের নাম | লেখক/সম্পাদকের নাম | মূল্য |
|---|---|---|---|
| ১ | ছবি ছড়ায় বঙ্গবন্ধু | লুৎফর রহমান রিটন ও আমীরুল ইসলাম | ১৩০.০০ |
| ২ | প্রিয় মানুষ শেখ মুজিব | সেলিনা হোসেন | ৮০.০০ |
| ৩ | শুভেচ্ছা পত্র- ১ | হাশেম খান | ৫০.০০ |
| ৪ | শুভেচ্ছা পত্র- ২ | হাশেম খান | ৫০.০০ |
| ৫ | ৭ই মার্চ : বঙ্গবন্ধুর অসামান্য ভাষণ | মুনতাসীর মামুন | ৮০.০০ |
| ৬ | ছোটদের বন্ধু বঙ্গবন্ধু -১ | আহমাদ মাযহার ও সুজন বড়ুয়া | ৭০.০০ |
| ৭ | ছোটদের বন্ধু বঙ্গবন্ধু -২ | মুহাম্মদ সামাদ | ৭৫.০০ |
| ৮ | রঙছবি- ১ | হাশেম খান | ৪০.০০ |
| ৯ | রঙছবি- ২ | হাশেম খান | ৫০.০০ |
| ১০ | কবিতায় বঙ্গবন্ধু | বেলাল চৌধুরী ও হাবীবুল্লাহ সিরাজী | ১৫০.০০ |
| ১১ | OUR BELOVED SHEIKH MUJIB | Selina Hossain | ৮০.০০ |
| ১২ | ছেলেবেলায় শেখ মুজিব | বেবী মওদুদ | ৬৫.০০ |
| ১৩ | জাতির জনক : তাঁর সারা জীবন | সম্পাদকমণ্ডলী কর্তৃক সম্পাদিত | ৪০০.০০ |
| ১৪ | বঙ্গবন্ধুর স্বপ্ন ও সংগ্রাম | সুব্রত বড়ুয়া | ৮৫.০০ |
| ১৫ | মুক্তির সংগ্রামে শেখ মুজিব | সুব্রত বড়ুয়া ও মুনতাসীর মামুন | ৬৫.০০ |
| ১৬ | মানুষের বন্ধু বঙ্গবন্ধু | মুনতাসীর মামুন | ৮৫.০০ |
| ১৭ | স্মারকগ্রন্থ | মুনতাসীর মামুন | ৩৫০.০০ |
| ১৮ | খ্যাতিমানদের চোখে বঙ্গবন্ধু (বাংলা ও ইংরেজি) | মুনতাসীর মামুন | ৮০.০০ |
| ১৯ | Father of The Nation His Life and Achievements | Edited | ৩০০.০০ |
| ২০ | BONGOBONDHUPEDIA | Muntassir Mamoon | ২৭৫.০০ |
| ২১ | বঙ্গবন্ধু বললেন (বাংলা ও ইংরেজি) | মুহম্মদ শফিকুর রহমান | ৬০.০০ |
| ২২ | শেখ মুজিবের জীবন : ২৬টি চিত্র, ২৬টি ঘটনা (বাংলা ও ইংরেজি) | হাশেম খান ও মুনতাসীর মামুন | ১০০.০০ |
| ২৩ | ২৬টি চিত্রে শেখ মুজিব (বড় শিল্পীদের আঁকা বঙ্গবন্ধুর ২৬টি ছবির অ্যালবাম) | হাশেম খান | ১০০.০০ |
| ২৪ | শিল্পীর আঁকায় শেখ মুজিব (কিশোরদের জন্য চিত্রগল্পের বই) | আলপ্তগীন তুষার ও ফাল্গুনী হামিদ | ৬০.০০ |
| ২৫ | রং রেখায় খোকার ছেলেবেলা (শিশুদের জন্য চিত্রগল্পের বই) | আব্দুল মোমেন মিল্টন ও সুজন বড়ুয়া | ৬০.০০ |

## বঙ্গবন্ধু বিষয়ে অন্যান্য বই

| ক্র.নং | বইয়ের নাম | লেখক/সম্পাদকের নাম | মূল্য |
|---|---|---|---|
| ২৬ | বঙ্গবন্ধু শেখ মুজিব | গোলাম সামদানী কোরায়শী | ৪২.০০ |
| ২৭ | বঙ্গবন্ধুকে লেখা চিঠি | শিশুদের লেখা চিঠির সংকলনগ্রন্থ | ১৫০.০০ |